



রাকাবের নতুন মহাব্যবস্থাপক

জনাব মো: আবু হানিফ খান মহাব্যবস্থাপক (জিএম) হিসেবে পদোন্নতি পেয়ে সম্প্রতি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এ যোগদান করেন। পদোন্নতি পাওয়ার পূর্বে তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-তে উপমহাব্যবস্থাপক (ডিজিএম) হিসেবে কর্মরত ছিলেন। জনাব মো: আবু হানিফ খান ১৪.০৭.১৯৮০ তারিখে শিক্ষানবিস কর্মকর্তা (৫ম গ্রেড) হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকে যোগদান করেন। ইতোপূর্বে তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক-এ শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও প্রধান কার্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগে বিভাগীয় প্রধানের দায়িত্ব পালন করেন। জনাব খান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৯ সালে কৃতিত্বের সাথে অর্থনীতিতে অনার্সসহ এম.এস.সি ডিগ্রী প্রাপ্ত হন। তিনি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ হতে প্রথম পর্ব ব্যাংকিং ডিপ্লোমা সম্পন্ন করেন।

জনাব মো: আবু হানিফ খান ব্রাহ্মনবাড়িয়া জেলার কসবা উপজেলার শিকারপুর গ্রামে ১৯৫৫ সালের ২৮ জুন জন্মগ্রহণ করেন।